

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থমন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
প্রশাসন-২ অধিশাখা
শেরে বাংলা নগর, ঢাকা।


নং ০৯.৩১৪.০২৫.০১.০১.০১৮.২০১১/৭৪৯

তারিখঃ ০৮/০৮/২০১৬

বিষয় : এম.আর. পাসপোর্ট (অফিসিয়াল) ইস্যু করা প্রসঙ্গে।

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের গত ১১/৭/২০১৬ইং তারিখের স্মারক নং ০৯.৩১৫.০২৪.০২.০৮.১৮১.২০১৬-০২ প্রজ্ঞাপন (কপি সংযুক্ত) মোতাবেক অর্থনৈতিক সম্পর্ক বিভাগে ন্যাস্তকৃত কর্মকর্তা (যুগ্ম-সচিব) ড. শাহিদা আকতার (পরিচিতি নম্বর ৫৫৪৭) কে জাপানের টোকিওস্থ বাংলাদেশ দূতাবাসে ইকনমিক মিনিস্টার পদে নিয়োগ প্রদান করা হয়েছে। উল্লিখিত নিয়োগের প্রেক্ষিতে তিনি তাঁহার পরিবারবর্গসহ শীঘ্রই জাপানের টোকিওস্থ বাংলাদেশ দূতাবাসে ইকনমিক মিনিস্টার পদে যোগদান করবেন। ড. শাহিদা আকতার-এর মনোনীত গৃহ পরিচারিকা (Domestic Aid) মিজ কলি আক্তার (Koli Akter) অনুকূলে ০১টি সাধারণ এম.আর. পাসপোর্ট (অফিসিয়াল) ইস্যু করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, ড. শাহিদা আকতার-এর মনোনীত গৃহ পরিচারিকা (Domestic Aid) মিজ কলি আক্তার (Koli Akter) অনুকূলে নতুন এমআর পাসপোর্ট (অফিসিয়াল) ইস্যু করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


(মোঃ মিজানুর রহমান)
উপ সচিব
ফোনঃ ৯১১৭৫৩৫

মহা-পরিচালক
বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা।
(দৃষ্টি আঃ পরিচালক, পাসপোর্ট)

অবগতির জন্য অনুলিপি :

- ১) ড. শাহিদা আকতার, যুগ্ম-সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ২) সহকারী প্রধান, প্রশাসন-৫ শাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৩) অতিরিক্ত সচিব (প্রশাসন ও মধ্যপ্রাচ্য) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৪) অফিস কপি।

স্মারক নং-০৯.৩১৫.০২৪.০২.০৮.১৮১.২০১৬-০২

তারিখঃ ২৭ আষাঢ় ১৪২৩ বঃ
১১ জুলাই ২০১৬ খ্রিঃ

প্রজ্ঞাপন

জাপানের টোকিওস্থ বাংলাদেশ দূতাবাসের ইকনমিক উইংয়ে ইকনমিক মিনিষ্টার পদে নিয়োগের উদ্দেশ্যে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে ন্যস্তকৃত কর্মকর্তা (যুগ্মসচিব) ড. শাহিদা আকতার (পরিচিতি নং-৫৫৪৭) কে নিম্নবর্ণিত শর্তে পুনরাদেশ না দেয়া পর্যন্ত (মিশনে যোগদানের তারিখ হতে ৪ বছর) কূটনৈতিক মর্যাদায় উল্লিখিত মিশনে ইকনমিক মিনিষ্টার পদে নিয়োগ করা হলঃ

- (ক) বেতন : প্রচলিত সরকারি বিধি অনুযায়ী।
(খ) কূটনৈতিক পদমর্যাদা : ইকনমিক মিনিষ্টার।
(গ) বৈদেশিক ভাতা : প্রচলিত সরকারি বিধি অনুযায়ী।
(ঘ) বাসস্থান : সরকারি বিধি অনুযায়ী প্রাপ্যতা অনুসারে সরকারি খরচে আসবাবপত্র সজ্জিত বাসস্থান।
(ঙ) আপ্যায়ন ভাতা : প্রচলিত সরকারি বিধি অনুযায়ী।
(চ) পোশাক পরিচ্ছন্ন ভাতা : প্রচলিত সরকারি বিধি অনুযায়ী।
(ছ) বদলি ভাতা : তাঁর বর্তমান মূল বেতনের ৫০%, যার অর্ধেক দেশীয় মুদ্রায় বাংলাদেশ এবং অবশিষ্ট অর্ধেক বৈদেশিক মুদ্রায় টোকিওস্থ বাংলাদেশ দূতাবাস থেকে প্রদান করা হবে।
(জ) সন্তানের জন্য শিক্ষা ভাতা : প্রচলিত সরকারি বিধি অনুযায়ী।
(ঝ) চিকিৎসা ভাতা : সরকারি বিধি অনুযায়ী নিজে, স্পাউস ও সন্তানদের সরকারি খরচে চিকিৎসা ব্যবস্থা।
(ঞ) ভ্রমণ ব্যয় : সরকারি বিধি মতে নিজে, স্পাউস ও সন্তানদের ঢাকা-টোকিও-ঢাকা ভ্রমণ ব্যয় সরকার বহন করবে।
(ট) গৃহ পরিচারক/পরিচারিকা : ঢাকা-টোকিও-ঢাকা সংক্ষিপ্ততম ও অনুমোদিত পথে একজন গৃহপরিচারক/পরিচারিকার বিমান ভাড়া (বেতন-ভাতাদি সরকার কর্তৃক প্রদেয় নয়)।
(ঠ) ব্যক্তিগত মালামাল পরিবহন : ১। প্রচলিত বিধিমাতে ঢাকা হতে টোকিও পর্যন্ত তাঁর ইনসিডেন্টাল চার্জসহ ব্যক্তিগত মালামাল নিয়ে যাওয়ায় পরিবহন ব্যয় সরকার বহন করবে।
২। ব্যক্তিগত মালামালের প্যাকিং এবং ফ্রেটিং চার্জ প্রদান করা হবে না।
৩। সর্বোচ্চ ২০,০০০/- (বিশ হাজার) টাকা পর্যন্ত মূল্যের ব্যক্তিগত মালামালের বীমার জন্য সরকার প্রিমিয়াম প্রদান করবে।
(ড) নিয়োগের মেয়াদ : মিশনে যোগদানের তারিখ হতে ৪ (চার) বছর।
(ঢ) যোগদান সময় : প্রচলিত সরকারি বিধি মোতাবেক অর্থাৎ ভ্রমণের প্রকৃত সময় ও তৎসহ প্রস্তুতি গ্রহণের জন্য ৬ (ছয়) দিন।
(ণ) অন্যান্য : ১। ০১-০১-১৯৯২ তারিখের পর জন্মগ্রহণকারী দু'য়ের অধিক কোন সন্তানকে সরকার কর্তৃক যাতায়াত ও দৈনিক ভাতা অথবা অন্য কোন প্রকার সুযোগ সুবিধা প্রদেয় নয়।
২। যে ক্ষেত্রে এ পত্রে কোন বিধান নেই, সে ক্ষেত্রে সিভিল সার্ভিস (শ্রেণী-বিষয়ক) নিয়ন্ত্রণ ও আপীল বিধিমালার সংশ্লিষ্ট ধারায় এবং তাঁর সমমর্যাদার সরকারি কর্মকর্তাদের চাকরির শর্তাবলী প্রযোজ্য হবে।
৩। টোকিওস্থ বাংলাদেশ দূতাবাসের ইকনমিক উইংয়ে ইকনমিক মিনিষ্টার হিসেবে দায়িত্ব পালন করবেন। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সার্বিক নিয়ন্ত্রণাধীনে উক্ত ইকনমিক উইং-এর বাজেট এবং ব্যয় সংক্রান্ত বিষয়াদির নিয়ন্ত্রণকারী কর্মকর্তা হিসেবেও তিনি কাজ করবেন।

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
M. Hossain
11.07.16
(মার্জিয়া সুলতানা)
সহকারী প্রধান
ফোনঃ ৯১১২১১৮
অপর পৃষ্ঠা দৃষ্টব্য

